গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

# তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খলিলুর রহমান<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৬ আগস্ট ২০২১ |
| সভার সময় | দুপুর ১২.৩০ টা |
| স্থান | Zoom Application এর ভিডিও কনফারেন্স |
| উপস্থিতি | Zoom এর উপস্থিতি |

সভাপতি সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত ২৭ জুন ২০২১ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ় করা হয়।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **০১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:**<br>প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় সকল বিভাগীয় অফিস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয় আলোচিত হয়। বিভাগের ৫৭টি দপ্তরের মধ্য হতে ৫৫টি দপ্তরের প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। তন্মধ্যে কর কমিশনার থেকে প্রতিবেদন পাওয়া যায়নি এবং পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট থেকে জানানো হয়েছে যে উক্ত দপ্তরের কেউ বর্ণিত কাজে সম্পৃক্ত নন। সভায় জানানো হয় যে তথ্য অধিকার আইনের ১০ ধারা মতে তথ্য সরবরাহের নিমিত্ত প্রত্যেক কর্তৃপক্ষকে প্রত্যেক তথ্য প্রদান ইউনিটের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের বিধান রয়েছে। কর কমিশনার অফিস থেকে তথ্য সংগ্রহের বিষয়ে ব্যক্তিগত যোগাযোগ করার বিষয়ে সভায় আলোচিত হয়। | (ক) প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনের প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(খ) তথ্য অধিকার আইন অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে পল্লী বিদ্যুতায়ন বোর্ডকে পত্র দিতে হবে।<br>(গ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ বিষয়ে কর কমিশনারের সাথে ব্যক্তিগত যোগাযোগ করে তথ্য সংগ্রহ নিশ্চিত করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ-গ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| **০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ:**<br>সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয় আলোচিত হয়। সভায় বিভাগীয় ৫৭টি দপ্তরের মধ্যে ৩৬টি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণের তথ্য উপস্থাপন করা হয়। | (ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করতে হবে।<br>(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে বিভাগীয় দপ্তরসমূহে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |

| | | |
|---|---|---|
| **০৩. তথ্য অধিকার বিষয়ক স্টিকার বিতরণ:** আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২০ এর পুরস্কারের অর্থ দ্বারা প্রস্তুতকৃত তথ্য অধিকার বিষয়ক যোগাযোগ উপকরণ (স্টিকার) সিলেট বিভাগের বিভাগীয় দপ্তরসমূহ, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট প্রেরণ করা হয়েছে মর্মে জানানো হয়েছে মর্মে সভায় জানানো হয়। | কার্যক্রম সম্পন্ন করায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | |
| **০৪. তথ্য অধিকার বিষয়ক প্রচারণা:** সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয় আলোচিত হয়। সভায় জানানো হয় যে সুশাসন প্রতিষ্ঠার ৫টি উপকরণ বিষয়ে ইতোমধ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয় কর্তৃক একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এ ছাড়া গত বছরের তথ্য অধিকার বিষয়ক পুরস্কার প্রাপ্তির পরিপ্রেক্ষিতে তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। | তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| **০৫. ওয়েব-সাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ :** তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে উল্লেখ থাকায় সকল দপ্তরে গৃহীত প্রকল্পের নাম, মেয়াদ, উপকারভোগীদের তালিকাসহ তফসিলে উল্লেখিত তথ্যসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নোটিস বোর্ডে এবং ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অলোচনা করা হয়। | (ক) তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্ব- প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>**(খ)** বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৮.০০১.১৫.৯৫০ তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৩) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার